নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৫.২২-৬২৩

তারিখ: ১০ আশ্বিন ১৪২৯ / ২৫ সেপ্টেম্বর ২০২২

**বিষয়: ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠান**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৬.২২-৬১০, তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর শূন্য পদে **(সংলগ্নী-১)** উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে **০২ নভেম্বর ২০২২ তারিখে ইভিএম এর মাধ্যমে** ভোটগ্রহণের জন্য নির্ধারণকরত নির্বাচন সম্পন্ন করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

২। **প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম :** উল্লিখিত সময়সূচি অনুযায়ী বিধি ১১-১৯ অনুসারে মনোনয়নপত্র গ্রহণ, বাছাই, বাছাইয়ে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল দায়ের ও নিষ্পত্তি, প্রার্থিতা প্রত্যাহার ও প্রতীক বরাদ্দ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে। বাছাইয়ে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের জন্য বাছাইয়ের জন্য নির্ধারিত তারিখের পরবর্তী ০৩(তিন) দিন সময় প্রদান করতে হবে। উল্লিখিত তারিখ অনুযায়ী বিজ্ঞপ্তি জারি এবং তারিখসমূহ স্থানীয় পর্যায়ে প্রচারের ব্যবস্থা করতে হবে।

৩। **রিটার্নিং অফিসার নিয়োগ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি অনুসারে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা নির্বাচন পরিচালনার উদ্দেশ্যে, প্রতিটি ইউনিয়ন পরিষদের জন্য সংশ্লিষ্ট উপজেলা অফিসারকে বা, ক্ষেত্রমত পাশ্ববর্তী উপজেলার উপজেলা নির্বাচন অফিসারকে রিটার্নিং অফিসার নিয়োগ করবেন।

৪। **আপিল কর্তৃপক্ষ নিয়োগ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুযায়ি আপিল কর্তৃপক্ষ হিসেবে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা নিয়োজিত থাকবেন।

৫। **ভোটগ্রহণের সময়সীমা :** উল্লিখিত শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে **সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত ইভিএম এর মাধ্যমে** বিরতিহীনভাবে ভোটগ্রহণ করা হবে এবং তা বিজ্ঞপ্তিতে উল্লেখপূর্বক স্থানীয়ভাবে প্রচারের ব্যবস্থা করতে হবে।

৬। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা :** উল্লিখিত সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণের দিনসমূহ ও প্রতীক বরাদ্দসহ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসারের অফিস, জেলা কর্মকর্তার অফিস ও উপজেলা নির্বাচন কর্মকর্তার অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে **সকাল ৮.০০ মি. হতে বিকাল ৩.০০ মি.** পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭। **স্বাস্থ্য বিধি ও সরকারি নির্দেশনা প্রতিপালন:** স্বাস্থ্য বিধি ও সরকারি নির্দেশনা প্রতিপালনের মাধ্যমে জনস্বাস্থ্য নিশ্চিত করে নির্বাচনি প্রচারণা, ভোটগ্রহণ ও নির্বাচনি অন্যান্য কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করতে হবে।

৮। **অন্যান্য নির্দেশনা :**

(ক) সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে যাবতীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

(খ) আইন, বিধি অনুসারে সূত্রোল্লিখিত নির্দেশনা, ইতঃপূর্বে জারিকৃত পরিপত্র ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

৯। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুসারে সংলগ্নী-১ এ উল্লিখিত শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

২৫/০৯/২০২২

**মোঃ আতিয়ার রহমান**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail:ecsemc2@gmail.com

সংলগ্নী: উপরে বর্ণিত

১। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, ................... (সংশ্লিষ্ট)
২। উপজেলা নির্বাহী অফিসার,.............................. (সংশ্লিষ্ট)
৩। উপজেলা/থানা নির্বাচন অফিসার, .................. (সংশ্লিষ্ট)



অফিসের ঠিকানা:
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭
যোগাযোগ:
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৫.২২-৬২৩

তারিখ: ১০ আশ্বিন ১৪২৯ / ২৫ সেপ্টেম্বর ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব,........................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. প্রকল্প পরিচালক (আইডিইএ প্রকল্প, ২য় পর্যায়), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, .......................... (সংশ্লিষ্ট) বিভাগ
১১. পুলিশ কমিশনার, ..........................(সংশ্লিষ্ট)
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. প্রকল্প পরিচালক (ইভিএম প্রকল্প), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ইভিএম কাস্টমাইজেশন ও অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৭. জেলা প্রশাসক, .......................... (সংশ্লিষ্ট)
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .......................... (সংশ্লিষ্ট)
১৯. পুলিশ সুপার, ............................(সংশ্লিষ্ট)
২০. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...................... (সংশ্লিষ্ট)
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৫. অফিসার-ইন-চার্জ, .....................................................(সংশ্লিষ্ট) থানা।

২৫/৯/২২

( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
Email: ecsemc2@gmail.com

সংলগ্নী-১

# ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর শূন্য পদের উপনির্বাচনের বিবরণী

| জেলা | উপজেলা | ইউনিয়নের নাম | শূন্য পদ |
|---|---|---|---|
| ১. লালমনিরহাট | ১. সদর | ১. বড়বাড়ী | ১. চেয়ারম্যান |
| ২. বগুড়া | ২. শাজাহানপুর | ২. আশেকপুর | ২. চেয়ারম্যান |
| ৩. যশোর | ৩. সদর | ৩. আরবপুর | ৩. চেয়ারম্যান |
| ৪. বাগেরহাট | ৪. সদর | ৪. রাখালগাছি | ৪. চেয়ারম্যান |
| | ৫. মোল্লাহাট | ৫. উদয়পুর | ৫. চেয়ারম্যান |
| ৫. খুলনা | ৬. দিঘলিয়া | ৬. বারাকপুর | ৬. চেয়ারম্যান |
| ৬. পটুয়াখালী | ৭. মির্জাগঞ্জ | ৭. আমড়াগাছিয়া | ৭. চেয়ারম্যান |
| ৭. টাঙ্গাইল | ৮. গোপালপুর | ৮. নগদা শিমলা | ৮. চেয়ারম্যান |
| ৮. নেত্রকোনা | ৯. মদন | ৯. নায়েকপুর | ৯. চেয়ারম্যান |
| ৯. মানিকগঞ্জ | ১০. হরিরামপুর | ১০. সুতালড়ী | ১০. চেয়ারম্যান |
| ১০. মুন্সীগঞ্জ | ১১. গজারিয়া | ১১. হোসেন্দী | ১১. চেয়ারম্যান |

## ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর শূন্য পদের উপনির্বাচনের সময়সূচি

| | | | |
|---|---|---|---|
| রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০৬ অক্টোবর ২০২২ | বৃহস্পতিবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১০ অক্টোবর ২০২২ | সোমবার |
| আপিল দাখিলের তারিখ | : | ১১-১৩ অক্টোবর ২০২২ | মঙ্গলবার-বৃহস্পতিবার |
| আপিল নিস্পত্তির তারিখ | : | ১৪-১৬ অক্টোবর ২০২২ | শুক্রবার-রবিবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১৭ অক্টোবর ২০২২ | সোমবার |
| প্রতীক বরাদ্দ | : | ১৮ অক্টোবর ২০২২ | মঙ্গলবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **০২ নভেম্বর ২০২২** | **বুধবার** |

**ভোটগ্রহণের সময়সীমা: ইভিএম এর মাধ্যমে সকাল ৮.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত**